

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
উন্নয়ন-২ অধিশাখা

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এর ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী:

সভাপতি : বেগম মাহমুদা শারমীন বেনু এনডিসি, অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
সভার তারিখ : ১৪ জানুয়ারি, ২০১৯
সময় : বেলা ০৩.০০ ঘটিকায়
স্থান : অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এর অফিস কক্ষ।
উপস্থিতি:

- ১) জনাব মো: ইকবাল হোসেন (উন্নয়ন-২), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
- ২) জনাব ফেরদৌসী বেগম, উপসচিব (বাজেট), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
- ৩) জনাব তানজিনা ইসলাম, উপসচিব (শিশু), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
- ৪) জনাব শাহনওয়াজ দিলরুবা খান, অতিরিক্ত পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর।
- ৫) জনাব মোহাম্মদ কামাল হোসেন, উপপরিচালক, জয়িতা ফাউন্ডেশন, ঢাকা।
- ৬) জনাব মীর উম্মে তাওহীদ, সহকারী প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
- ৭) মো: নুরুজ্জামান, প্রোগ্রাম অফিসার, বাংলাদেশ শিশু একাডেমি।


সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতপর আলোচ্যসূচি অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

২ আলোচনা ও সিদ্ধান্তঃ

বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
২.১ এ মন্ত্রণালয়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ এর বাস্তবায়ন অগ্রগতি অর্ধবার্ষিক মূল্যায়ন	সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে যুগ্মসচিব (উন্নয়ন-২) সভায় জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ এর নির্দেশনা অনুসারে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন নির্দেশিকা, ২০১৮-২০১৯ এর ২.১৬ অনুচ্ছেদ মোতাবেক মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক উদ্ভাবন পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন আগামী ৩১ জানুয়ারি ২০১৯ এর মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। এ উপলক্ষ্যে আজকের সভা আহবান করা হয়েছে। উদ্ভাবন পরিকল্পনার ১৬টি অনুচ্ছেদ রয়েছে। তিনি প্রতিটি অনুচ্ছেদের ক্ষেত্রে মন্ত্রণালয়ের অগ্রগতি প্রতিবেদন সভাকে অবহিত করেন। এ বিষয়ে সভার সদস্যবৃন্দ বিস্তারিত আলোচনা করেন। পর্যালোচনান্তে সভাপতি মহোদয় জানান যে, ৩১ ডিসেম্বর ২০১৮ পর্যন্ত কর্মপরিকল্পনা অনুসারে যেসব বিষয় করণীয় ছিল তা যথাযথভাবেই সম্পন্ন করা হয়েছে। সারা বছরের অগ্রগতি ১০০% ধরলে ডিসেম্বর পর্যন্ত অগ্রগতি হয়েছে ৫০%। কর্মপরিকল্পনার এ অগ্রগতির জন্য তিনি সকল সদস্যকে ধন্যবাদ প্রদান করে জানান যে, কর্মপরিকল্পনার কিছু বিষয়ে অর্জনের জন্য এখনই উদ্যোগ নিতে হবে। বিশেষ করে উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২ দিন ও ৫ দিনের প্রশিক্ষণ আয়োজন এবং উদ্ভাবন কার্যক্রমের সাথে সম্পৃক্ত কর্মকর্তাগণকে বিদেশে শিক্ষা সফরে প্রেরণের জন্য মন্ত্রণালয়ের প্রশিক্ষণ অধিশাখাকে অনুরোধ করতে হবে।	২.১.১ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতির অর্ধবার্ষিক মূল্যায়নে ৫০% সফলতা অর্জন করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। ২.১.২ মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক এ মন্ত্রণালয়ের বার্ষিক উদ্ভাবন পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন নির্ধারিত ছকে আগামী ৩১ জানুয়ারি ২০১৯ এর মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। ২.১.৩ মন্ত্রণালয়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ এর অনুচ্ছেদ ৩.২, ৩.৩ ও ৩.৪ অনুযায়ী উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২ দিন ও ৫ দিনের প্রশিক্ষণ আয়োজন এবং উদ্ভাবন কার্যক্রমের সাথে সম্পৃক্ত কর্মকর্তাগণকে বিদেশে শিক্ষা সফরে প্রেরণের জন্য মন্ত্রণালয়ের প্রশিক্ষণ অধিশাখাকে অনুরোধ করতে হবে।

বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
২.২ এ মন্ত্রণালয়ের অধিনস্ত দপ্তর/সংস্থা সমূহের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ এর বাস্তবায়ন অগ্রগতি অর্ধবার্ষিক মূল্যায়ন	যুগ্মসচিব (উন্নয়ন-২) সভায় জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ এর নির্দেশনা অনুসারে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন নির্দেশিকা, ২০১৮-২০১৯ এর ২.১৬ অনুচ্ছেদ মোতাবেক মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহ বার্ষিক উদ্ভাবন পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন আগামী ৩১ জানুয়ারি ২০১৯ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা রয়েছে। এ লক্ষ্যে মন্ত্রণালয়ের অধিনস্ত মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতীয় মহিলা সংস্থা, বাংলাদেশ শিশু একাডেমি এবং জয়িতা ফাউন্ডেশন-কে আগামী ০৭ দিনের মধ্যে ইনোভেশন টিমের সভা করে বার্ষিক উদ্ভাবন পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন আগামী ৩১ জানুয়ারি ২০১৯ এর পূর্বে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনার পর সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষন করেন।	২.২.১ মন্ত্রণালয়ের অধিনস্ত সকল দপ্তর/সংস্থা আগামী ০৭ দিনের মধ্যে ইনোভেশন টিমের সভা করে বার্ষিক উদ্ভাবন পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন আগামী ৩১ জানুয়ারি ২০১৯ এর পূর্বে মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

৩. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মাহমুদা শারমীন বেনু এনডিসি)
অতিরিক্ত সচিব (উন্ন: ও পরি:)

ও
চিফ ইনোভেশন অফিসার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়